দৈনিক খবর

তারিখ ... 27 MAY 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

## ইসলামী বিশ্ববিদ্যালয়ঃ
# উপাচার্য আব্দুল হামিদের অপসারণ ও ছাত্র নেতা আফসারের মুক্তি দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৬শে মে।–নিজস্ব সংবাদদাতা শাহজাহান আলম সাজু জানান : ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আঃ হামিদের অপসারণ এবং মেধাবী ছাত্রনেতা আফসার আলীর মুক্তির দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয় ও কুষ্টিয়া শহরে বিক্ষোভ অব্যাহত রয়েছে। গত রোববার সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে কুষ্টিয়া শহরে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিল শেষে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রলীগ (ম-ই) কেন্দ্রীয় নেতা ও ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান আলম সাজুর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ (ম-ই) নেতা ইকবাল মাহমুদ, আলমগীর হোসেন খান, ছাত্রমৈত্রীর আঃ রশীদ বকুল, মুকসেদ আহমেদ মনি, ছাত্র ইউনিয়নের নোয়াব আলী খান, কার্তিক বিশ্বাস, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের আঃ কাদের টুটুল প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়ের কুখ্যাত উপাচার্যের স্বজনপ্রীতি, দুর্নীতি, অর্থ আত্মসাৎ এবং জামায়াত–শিবিরকে সরাসরি পৃষ্ঠপোষকতা দানের ফলে ইসলামী বিশ্ববিদ্যালয় আজ ধ্বংসের সম্মুখীন হয়েছে। বক্তারা অবিলম্বে উপাচার্য অধ্যাপক আঃ হামিদের অপসারণের দাবী জানান। বক্তারা আরো ঘোষণা করেন আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলায় কারাগারে আটক ভার্সিটি ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আফসার আলীকে মুক্তি না দিয়ে ঈদের বন্ধের পর বিশ্ববিদ্যালয় খুললে ব্যাপক কর্মসূচী ঘোষণা করা হবে এবং এর ফলে উদ্ভূত সকল পরিস্থিতির দায়-দায়িত্ব ভার্সিটি কর্তৃপক্ষকেই বহন করতে হবে।

সমাবেশ শেষে ভিসি আঃ হামিদের অপসারণ এবং মেধাবী ছাত্র নেতা আফসার আলীর মুক্তির দাবীতে কুষ্টিয়া জেলা প্রশাসকের নিকট একটি স্মারকলিপি পেশ করা হয়।

### উপাচার্যের নির্ধারিত অনুষ্ঠান বাতিল

ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ ও প্রতিবাদের ফলে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আঃ হামিদ কুষ্টিয়া সরকারী কলেজের বার্ষিক নাট্যানুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে নির্ধারিত অনুষ্ঠান বাতিল করতে বাধ্য হয়েছেন। ফলে পূর্ব নির্ধারিত প্রধান অতিথি ও বিশেষ অতিথির অনুপস্থিতিতেই সবশেষে নাট্যানুষ্ঠান করতে হয়েছে।

উল্লেখ্য, কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্র সংসদের বার্ষিক নাট্যানুষ্ঠানে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আঃ হামিদকে প্রধান অতিথি এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান অনুষদের ডীন ও বিশ্ববিদ্যালয় ক্রিয়া পরিষদের সভাপতি ডঃ আশরাফ আলীকে বিশেষ অতিথি হিসেবে নির্ধারণ করা হয়। কুষ্টিয়া সরকারী কলেজের জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র শিবির ছাড়া অন্যান্য সকল ছাত্র সংগঠন

৫-এর পাতায় দেখুন

# উপাচার্য আব্দুল হামিদের অপসারণ

৬-এর পাতার পর

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আঃ হামিদকে প্রধান অতিথি নির্বাচনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ছাত্রলীগ (ম-ই) সমন্বয়ে গঠিত সর্বদলীয় ছাত্রঐক্য অধ্যাপক আঃ হামিদকে স্বাধীনতা বিরোধী এবং জামায়াত-শিবিরের পৃষ্ঠপোষক হিসেবে আখ্যা দিয়ে কলেজ ক্যাম্পাসে তাকে অবাঞ্ছিত ঘোষণা করে। ফলে ক্যাম্পাসে চরম উত্তেজনা দেখা দেয়। সর্বদলীয় ছাত্রঐক্যের পক্ষ থেকে নাট্যানুষ্ঠানের নির্ধারিত দিনে (শনিবার) কলেজ ক্যাম্পাসে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের করা হয়। স্মরণকালের বৃহত্তম উক্ত বিশাল বিক্ষোভ মিছিলে অধ্যাপক আঃ হামিদের আগমনের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগান দেয়া হয়। সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষ থেকে কলেজের অধ্যক্ষের নিকট একটি স্মারকলিপি পেশ করা হয়। বিক্ষোভ মিছিল শেষে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগ (ম-ই) সভাপতি ইকবাল মাহমুদ, ছাত্রমৈত্রীর জেলা সাধারণ সম্পাদক মুকসেদ আহমেদ মনি, ছাত্র ইউনিয়নের জেলা সভাপতি নোয়াব আলী খান। সমাবেশে বক্তারা বলেন, অধ্যাপক আঃ হামিদ একাত্তরের একজন চিহ্নিত স্বাধীনতা বিরোধী, ইসলামী বিশ্ববিদালয়ে মুক্তিযুদ্ধের স্বপক্ষের ছাত্র সংগঠনগুলোকে ধ্বংস করে দিয়ে জাময়াত-শিবিরকে ক্যাম্পাসে প্রতিষ্ঠিত করার জন্য উপাচার্য সরাসরি পৃষ্ঠপোষকতা করছে। ফলে কুষ্টিয়া সরকারী কলেজের পবিত্র মাটিতে ভিসি হামিদের স্থান হতে পারে না।

অধ্যাপক আঃ হামিদের আগমনকে কেন্দ্র করে কুষ্টিয়া সরকারী কলেজে ব্যাপক ছাত্র অসন্তোষ ও বিক্ষোভের ফলে ভিসি আঃ হামিদ ও ডীন ডঃ আশরাফ আলী তাদের নির্ধারিত অনুষ্ঠান বাতিল করতে বাধ্য হন। ফলে নির্ধারিত প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছাড়াই নাট্যানুষ্ঠান সমাপ্ত করা হয়।

উল্লেখ্য, ইসলামী বিশ্ববিদ্যালয়কে স্বাধীনতা বিরোধীদের ঘাঁটি বানানোর ষড়যন্ত্রের সংগে লিপ্ত থাকার এবং প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোকে বিভিন্নভাবে নিপীড়ন করার অভিযোগে দীর্ঘদিন থেকেই ইসলামী বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্রঐক্য উপাচার্য অধ্যাপক আঃ হামিদের অপসারণের দাবীতে আন্দোলন করে আসছে। ছাত্রঐক্যের পক্ষ থেকে আরো অভিযোগ করা হয়েছে, ক্যাম্পাসে ছাত্র শিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদ করতে যেয়ে ভিসি অধ্যাপক আঃ হামিদের দায়েরকৃত ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলায় ছাত্রলীগ (ম-ই) ভার্সিটি শাখার সাংগঠনিক সম্পাদক মেধাবী ছাত্রনেতা আফসার আলী কারাগারে আটক রয়েছে। সম্প্রতি ইসলামী বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্রঐক্য ভিসি অধ্যাপক আঃ হামিদকে ক্যাম্পাসের ভিতরে এবং বাইরে সামাজিকভাবে বয়কট করার আহবান জানিয়েছে। উক্ত আহবানের ফলেই কুষ্টিয়া সরকারী কলেজে ভিসি আঃ হামিদকে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে।

### গ্রীষ্মকালীন ছুটি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৬শে মে (শাহজাহান আলী সাজু প্রেরিত)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে ঈদ ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে। ২৪শে মে থেকে ১১ই জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল অফিস এবং ১৮ই জুন পর্যন্ত ক্লাশসমূহ বন্ধ থাকবে। আগামী ১৯শে জুন থেকে যথারীতি ক্লাশ শুরু হবে। ২৩শে মে থেকে ১১ই জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ বন্ধ থাকবে। তবে ১২ই জুন পরীক্ষার্থীদের জন্য আবাসিক হলসমূহ খুলে দেয়া হবে।